

মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
বাগজান, মূলজান, মানিকগঞ্জ


উন্মুক্ত নিলাম বিজ্ঞপ্তি (সংশোধিত)

মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, বাগজান, মূলজান, মানিকগঞ্জ এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরে মজুদকৃত ব্যবহার অযোগ্য (যেখানে যে অবস্থায় আছে) মালামাল নিলামে বিক্রয়ের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে আত্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে পূর্ণ ঠিকানা সম্বলিত সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

প্যাকেজ নং	নিলামে বিক্রয়তব্য মালামালের বিবরণ	পরিমাণ	নিলাম দরপত্র দলিল বিক্রয়ের স্থান ও সময়সূচী	নিলাম দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী		নিলাম দরপত্র দলিলের মূল্য (টাকা)
				গ্রহণ	খোলা	
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭
নিলাম গুপ-ক	হার্ডওয়্যার ও লৌহ জাতীয় মালামাল	১৫,৪৪৯ কেজি	স্থান: মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর মূলজানস্থ সদর দপ্তর এবং পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা খিলক্ষেত, ঢাকা। ২৬/০৯/২০২৩ খ্রিঃ তারিখ মঙ্গলবার হতে ১৫/১০/২০২৩ খ্রিঃ তারিখ রবিবার অফিস চলাকালীন সময় পর্যন্ত।	১৬/১০/২০২৩ খ্রিঃ তারিখ সোমবার সকাল ১১.০০ ঘটিকা পর্যন্ত।	১৬/১০/২০২৩ খ্রিঃ তারিখ সোমবার সকাল ১১: ০৫ ঘটিকা।	১,০০০.০০
নিলাম গুপ-খ	মিটার ০১ ফেজ এনালগ	৫,০৬৩টি				
নিলাম গুপ-গ	মিটার ০১ ও ০৩ ফেজ ডিজিটাল	১৬,১৯২টি				
নিলাম গুপ-ঘ	১১/৩৩ কেডি সিটি/পিটি	১৫টি				
	মেগার, ১০০০ ভোল্ট (এনালগ)	০১টি				
	ট্রান্সফরমার তেলের ড্রাম	৬০টি				
	প্লাস্টিক রীল	৪৩০টি				
	সোলার ব্যাটারী, ১০০ এ্যা:	০২টি				
	সোলার ব্যাটারী, ৬৫ এ্যা:	০৬টি				

শর্তাবলী:

- ০১১ আত্রহী দরদাতাগণ আগামী ১৬/১০/২০২৩ খ্রিঃ তারিখ রোজ সোমবার সকাল ১১:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত দরপত্র সিনিয়র জেনারেল ম্যানেজার, মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, বাগজান, মূলজান, মানিকগঞ্জ, ঢাকা অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, খিলক্ষেত, ঢাকা এ রক্ষিত টেন্ডার বাঞ্চে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।
- ০২১ দাখিলকৃত দরপত্রসমূহ আগামী ১৬/১০/২০২৩ খ্রিঃ তারিখ রোজ সোমবার সকাল ১১:০৫ ঘটিকায় মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, বাগজান, মূলজান, মানিকগঞ্জ অথবা পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, খিলক্ষেত, ঢাকা এ উপস্থিত দরদাতা/ প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) নিলাম দরপত্রসমূহ খোলা হবে।
- ০৩১ প্রতিটি প্যাকেজের জন্য পৃথক দরপত্র দলিলে প্যাকেজের প্রতিটি আইটেমের মালামালের বিপরীতে একক ও মোট দর উল্লেখপূর্বক দরপত্র দাখিল করা যাবে।
- ০৪১ দরপত্র অবশ্যই সীলগালা করা খামের উপর “পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোর” এর ব্যবহার অযোগ্য কনডেম ঘোষিত মালামালের নিলাম দরপত্র কথটি স্পষ্টভাবে লিপিবদ্ধ করে দাখিল করতে হবে।
- ০৫১ দরপত্রে উদ্ধৃত একক ও মোট দর স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বক্ষেত্রেই একক দর গ্রহণযোগ্য দর হিসাব বিবেচিত করা হবে। কোন প্রকার কাটাকাটি ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না।
- ০৬১ মালামাল নিলামে ক্রয়ের জন্য উদ্ধৃত দরের ২৫% আর্নেস্টম্যানি ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে। কৃতকার্য দরদাতাকে অবশ্যই অবশিষ্ট ৭৫% মূল্য দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে নগদ/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধপূর্বক মালামাল গ্রহণ করতে হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট টাকা জমা দিতে ব্যর্থ হলে জামানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- ০৭১ সরকারী নিয়মানুযায়ী কৃতকার্য দরদাতাকে উদ্ধৃত দরের সাথে পৃথকভাবে ভ্যাট ও ট্যাক্স পরিশোধ করতে হবে।
- ০৮১ নিলামযোগ্য মালামালসমূহ প্রতিদিন অফিস চলাকালীন সময়ে সমিতির সদর দপ্তরে পরিদর্শন করা যাবে।
- ০৯১ দাখিলকৃত দর বাপবিবোর্ডের নির্ধারিত সর্বনিম্ন দর অপেক্ষা কম হলে দর বিবেচনা করা হবে না।
- ১০১ নিলাম দরপত্রে কোন কাটা-ছেঁড়া/ঘষামাজা করা যাবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে।
- ১১১ কোনরূপ কারণ দর্শানো ছাড়াই যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।


সিনিয়র জেনারেল ম্যানেজার
মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি